

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা  
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০২৩.২২.২২৬

তারিখ: ১ কার্তিক ১৪৩০  
১৭ অক্টোবর ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: ন্যাশনাল ডিফেন্স কোর্স, ২০২৪ এ অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন।

ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর, ঢাকায় আগামী ২১ জানুয়ারি, ২০২৪ তারিখ হতে ০৫ ডিসেম্বর ২০২৪ তারিখ মেয়াদে অনুষ্ঠেয় “ন্যাশনাল ডিফেন্স কোর্স, ২০২৪”-এ অংশগ্রহণে আগ্রহী জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিসিএস ক্যাডারভুক্ত সরকারের যুগ্মসচিব ও সমপর্যায়ের কর্মকর্তাগণের (৩য় গ্রেড) নিকট হতে নিম্নবর্ণিত শর্তে আবেদন আহবান করা যাচ্ছে। সংযুক্ত ছক (আবেদনের জন্য নির্ধারিত ছক) মোতাবেক আবেদনের ০৩ (তিন) কপি ০৩ (তিন)টি রঙিন ছবিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২৩/১০/২০২৩ তারিখ বেলা ৩.০০ টার মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখায় (সফট কপি it1@mopa.gov.bd-এ ই-মেইল ঠিকানায়) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- (ক) আগ্রহী কর্মকর্তাগণের বয়স ১ লা জানুয়ারি, ২০২৪ তারিখ অনুর্ধ্ব ৫৬ বছর হতে হবে;
- (খ) আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে;
- (গ) কোর্সে অংশগ্রহণেচ্ছুক আবেদনকারী কর্মকর্তাগণের ইংরেজি ভাষায় দক্ষতা থাকতে হবে;
- (ঘ) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভাপতিত্বে গঠিত কমিটির মাধ্যমে আবেদনকারী কর্মকর্তাগণের সাক্ষাৎকার গ্রহণপূর্বক মনোনীত কর্মকর্তাগণের তালিকা চূড়ান্ত করা হবে;
- (ঙ) সফলভাবে এনডিসি সমাপনান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে পদায়নে আগ্রহী কর্মকর্তাদের মনোনয়ন প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা



১৭-১০-২০২৩

মো: জাহাঙ্গীর হোসেন

যুগ্মসচিব

ফোন: ৯৫১৫৫২৫

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল) (অধিনস্থ যুগ্মসচিব ও সমমর্যাদার কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
- ২) অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩) অতিরিক্ত সচিব , অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সহকারী সচিব, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৬) অফিস কপি, মাস্টার ফাইল।

জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট সরকারের যুগ্মসচিব এবং সমপদমর্যাদা ও সমগ্রেডভুক্ত কর্মকর্তাগণের  
জন্য 'ন্যাশনাল ডিফেন্স কোর্স (এনডিসি) ২০২৪'-এ আবেদনের নির্ধারিত ছক:

০১.	কর্মকর্তার নাম (বাংলায়):	:	
	কর্মকর্তার নাম (ইংরেজিতে বড় অক্ষরে):	:	
০২.	পরিচিতি নম্বর (আইডি)	:	
০৩.	বিসিএস ক্যাডার ও ব্যাচ	:	
০৪.	বেতন গ্রেড	:	
০৫.	পদবি ও কর্মস্থল	:	
০৬.	জন্ম তারিখ	:	
০৭.	০১ জানুয়ারি, ২০২৪ তারিখে বয়স	:	
০৮.	মোবাইল ও টেলিফোন নম্বর	:	
০৯.	ই-মেইল	:	
১০.	IELTS স্কোর (যদি থাকে)	:	

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে  
মনোনয়ন প্রদানের সুপারিশ করা হলো

যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল